যুগান্তর

তারিখ ... 8 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2 ...

# ঢাবি ও জবির সম্মান ১ম বর্ষে ভর্তির আবেদন শুরু

## ঢাবির অধিভুক্ত ৭ কলেজের জন্য পৃথক ভর্তি পরীক্ষা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ও জবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। সোমবার দুপুর ২টায় এ কার্যক্রম শুরু হয়। চলবে ২৯ আগস্ট মঙ্গলবার রাত ১০টা পর্যন্ত। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কেন্দ্রীয় ভর্তি অফিসে ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে http:// admission.eis.du.ac.bd জানা যাবে।

**অধিভুক্ত ৭ কলেজের জন্য পৃথক ভর্তি পরীক্ষা :** সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হওয়া ৭টি সরকারি কলেজে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য পৃথক ভর্তি পরীক্ষা নেবে বিশ্ববিদ্যালয়টি।

**জবির ভর্তি আবেদন ৮ আগস্ট থেকে :** জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৭-১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তি আবেদন ও পরীক্ষার সময়সূচি নির্ধারণ করা হয়েছে। ভর্তি সংশ্লিষ্ট বিস্তারিত তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http:// admission.jnu.ac.bd অথবা http:// admissionjnu.info এ পাওয়া যাচ্ছে।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর